কুমিল্লা বিশ্ববিদ্যালয়

কোটবাড়ি, কুমিল্লা।

স্মারক নং- কু.বি./রেজি./নিয়োগ বিজ্ঞাপন-৪৪৬/২০১২/১১৬৪৪ তারিখ: ০৮/০৮/২০১৮ খ্রি.

নিয়োগ বিজ্ঞপ্তি

কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের রাজস্ব খাতে নিম্নবর্ণিত স্থায়ী পদসমূহে জনবল নিয়োগের নিমিত্ত বাংলাদেশের প্রকৃত নাগরিকদের কাছ থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

নং	পদ, পদসংখ্যা, বিভাগ ও বেতনস্কেল	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
০১	**অধ্যাপক** (ক) ব্যবস্থাপনা শিক্ষা বিভাগ-০১ জন (খ) অর্থনীতি বিভাগ-০১ জন (গ) পদার্থবিজ্ঞান বিভাগ-০১ জন বেতনস্কেল: ৫৬৫০০-৭৪৪০০/-	প্রার্থীকে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে পিএইচডি ডিগ্রীসহ বিশ্ববিদ্যালয় পর্যায়ে কমপক্ষে ১২ (বার) বছরের শিক্ষকতার বাস্তব অভিজ্ঞতার মধ্যে সহযোগী অধ্যাপক পদে ন্যূনতম ০৪ (চার) বছরের শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে। স্বীকৃত জার্নালে কমপক্ষে ১০ (দশ) টি প্রকাশনা (এর মধ্যে সহযোগী অধ্যাপক হিসেবে কমপক্ষে ০৫টি) থাকতে হবে। বিশেষ যোগ্যতা সম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে যেকোন একটি শর্ত শিথিল করা যেতে পারে। শিক্ষাজীবনে কোন স্তরে ৩য় বিভাগ/শ্রেণী বা সমতুল্য জিপিএ/সিজিপিএ গ্রহণযোগ্য নয়।
০২	**সহযোগী অধ্যাপক** (ক) অর্থনীতি বিভাগ-০২ জন (খ) একাউন্টিং এন্ড ইনফরমেশন সিস্টেমস্ বিভাগ-০১ জন বেতনস্কেল: ৫০০০০-৭১২০০/-	প্রার্থীকে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে পিএইচডি ডিগ্রীসহ বিশ্ববিদ্যালয় পর্যায়ে কমপক্ষে ০৭ (সাত) বছরের শিক্ষকতার বাস্তব অভিজ্ঞতার মধ্যে সহকারী অধ্যাপক পদে ন্যূনতম ০৩ (তিন) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। স্বীকৃত জার্নালে কমপক্ষে ০৪ (চার) টি প্রকাশনা (এর মধ্যে সহকারী অধ্যাপক হিসেবে কমপক্ষে ০৩টি) থাকতে হবে। বিশেষ যোগ্যতা সম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে যেকোন একটি শর্ত শিথিল করা যেতে পারে। শিক্ষাজীবনে কোন স্তরে ৩য় বিভাগ/শ্রেণী বা সমতুল্য জিপিএ/সিজিপিএ গ্রহণযোগ্য নয়।
০৩	**সহকারী অধ্যাপক/প্রভাষক** নৃবিজ্ঞান বিভাগ-০২ জন বেতনস্কেল: ৩৫৫০০-৬৭০১০/- বেতনস্কেল: ২২০০০-৫৩০৬০ **প্রভাষক** (ক) গণিত বিভাগ-০২ জন (খ) ফার্মেসী বিভাগ-০২ জন (গ) গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগ-০৩ জন (ঘ) প্রত্নতত্ত্ব বিভাগ-০২ জন (ঙ) আইন বিভাগ-০২ জন বেতনস্কেল: ২২০০০-৫৩০৬০/-	প্রার্থীকে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর ডিগ্রিধারী হতে হবে। (ক) গণিত/ফার্মেসী বিভাগে প্রভাষক পদে আবেদনের জন্য প্রার্থীর এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান উভয় পরীক্ষায় প্রথম বিভাগ অথবা ন্যূনতম জিপিএ ৪.০০ সহ স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর শ্রেণীর উভয় পরীক্ষায় ন্যূনতম জিপিএ/সিজিপিএ ৩.৬০ অথবা প্রথম শ্রেণী থাকতে হবে। গণিত বিভাগের প্রভাষক পদে ইতোপূর্বে আবেদনকারীদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই। (খ) গণযোগাযোগ ও সাংবাদিকতা/নৃবিজ্ঞান বিভাগে প্রভাষক পদে আবেদনের জন্য প্রার্থীর এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান উভয় পরীক্ষায় প্রথম বিভাগ অথবা যেকোন একটিতে ন্যূনতম জিপিএ ৪.০০ এবং অপরটিতে ন্যূনতম জিপিএ ৩.৭০ থাকতে হবে। স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর শ্রেণীর উভয় পরীক্ষায় নূন্যতম জিপিএ/সিজিপিএ ৩.৬০ অথবা প্রথম শ্রেণী থাকতে হবে। নৃবিজ্ঞান বিভাগে সহকারী অধ্যাপক পদে আবেদনকারীদের উক্ত বিভাগের প্রভাষক পদের জন্য উল্লিখিত নির্ধারিত শিক্ষাগত যোগ্যতার শর্তাবলী পুরণসহ বিশ্ববিদ্যালয় পর্যায়ে সহকারী অধ্যাপক হিসেবে কর্মরত অথবা প্রভাষক হিসেবে বিশ্ববিদ্যালয় পর্যায়ে ০৩ বছরের শিক্ষকতার অভিজ্ঞতা ও স্বীকৃত জার্নালে কমপক্ষে ০১ (এক) টি গবেষণা প্রবন্ধ থাকতে হবে। (গ) প্রত্নতত্ত্ব বিভাগে প্রভাষক পদে আবেদনের জন্য প্রার্থীর এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান উভয় পরীক্ষায় প্রথম বিভাগ অথবা যেকোন একটিতে ন্যূনতম জিপিএ ৪.০০ এবং অপরটিতে ন্যূনতম জিপিএ ৩.৫০ থাকতে হবে। স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর শ্রেণীর উভয় পরীক্ষায় নূন্যতম জিপিএ/সিজিপিএ ৩.৫০ অথবা উভয়টির যেকোন একটিতে ১ম শ্রেণী ও অপরটিতে ৫৫% নম্বরসহ ২য় শ্রেণী থাকতে হবে। (ঘ) আইন বিভাগে প্রার্থীর এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান পরীক্ষার যেকোন একটিতে ন্যূনতম জিপিএ ৪.০০ এবং অপরটিতে ন্যূনতম জিপিএ ৩.৭০ অথবা উভয় পরীক্ষায় প্রথম বিভাগ থাকতে হবে। স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর শ্রেণীর উভয় পরীক্ষায় ন্যূনতম জিপিএ/সিজিপিএ ৩.৫০ অথবা প্রথম শ্রেণী থাকতে হবে। সংশ্লিষ্ট বিষয়ে উল্লিখিত শর্তাবলী পূরণ সাপেক্ষে উচ্চতর ডিগ্রীধারীদেরকে অগ্রাধিকার দেয়া যেতে পারে।
০৪	**সেকশন অফিসার-০৩ জন** বেতনস্কেল: ২২০০০-৫৩০৬০/-	প্রার্থীকে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতকোত্তর ডিগ্রিধারী হতে হবে এবং শিক্ষা জীবনের সকল পর্যায়ে ন্যূনতম ২য় বিভাগ/শ্রেণী অথবা সমমানের জিপিএ/সিজিপিএ থাকতে হবে। সংশ্লিষ্ট পদে অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। বয়স সর্বোচ্চ ঃ ৩০ বছর। মুক্তিযোদ্ধার সন্তান/মুক্তিযোদ্ধার সন্তানের পুত্র-কন্যার ক্ষেত্রে বয়স ৩২ বছর পর্যন্ত শিথিল যোগ্য। ইতোপূর্বে (স্মারক নং-কু.বি./রেজি./জ.নি.(কর্মকর্তা)-২২০/২০১০/৮৬৫৫, তারিখ: ০১/০৭/২০১৪খ্রি. স্মারকবিশিষ্ট) সেকশন অফিসার পদে আবেদনকারীদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই।

শর্তাবলী:

০১। আবেদনপত্র ‘রেজিস্ট্রার, কুমিল্লা বিশ্ববিদ্যালয়, কোটবাড়ী, কুমিল্লা’ বরাবর আগামী ১৩/০৯/২০১৮খ্রি. তারিখের মধ্যে (সরকারি ছুটির দিন ব্যতীত) অফিস চলাকালীন সময়ে (সকাল ৯.০০টা থেকে বিকাল ৫.০০টা) কেবলমাত্র ডাকযোগে পৌছাতে হবে। নির্ধারিত সময়ের পর প্রাপ্ত কোন আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।

০২। বিশ্ববিদ্যালয়ের নিজস্ব আবেদন ফরমে আবেদন করতে হবে। আবেদন ফরম বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট (www.cou.ac.bd) থেকে অথবা ছুটির দিন ব্যতীত অফিস চলাকালীন (সকাল-৯.০০ টা থেকে বিকাল-৫.০০টা) রেজিস্ট্রার দপ্তর থেকে সংগ্রহ করতে হবে।

০৩। (ক) প্রার্থীদেরকে সকল প্রয়োজনীয় কাগজপত্রসহ অধ্যাপক ও সহযোগী অধ্যাপক পদে ১১ (এগারো), সহকারী অধ্যাপক ও প্রভাষক পদে ০৮ (আট) এবং সেকশন অফিসার পদে ০৭ (সাত) সেট আবেদনপত্র জমা দিতে হবে।

(খ) সকল পরীক্ষার সনদপত্র ও নম্বরপত্র, অভিজ্ঞতা ও প্রশিক্ষণ (যদি থাকে বা প্রযোজ্য ক্ষেত্রে), জাতীয় পরিচয়পত্র, অন্য সকল প্রকার মূল/সাময়িক সনদপত্রের সত্যায়িত অনুলিপি (প্রথম শ্রেণীর কর্মকর্তার নামসহ সীলযুক্ত) আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

(গ) পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি রঙিন সত্যায়িত ছবি (প্রথম শ্রেণীর কর্মকর্তার নামসহ সীলযুক্ত) মূল আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

(ঘ) প্রার্থীকে আবেদনপত্রের সাথে নিজ ঠিকানা সম্বলিত ১০ (দশ) টাকার ডাকটিকিট সমেত ফেরত খাম অবশ্যই সংযুক্ত করতে হবে।

০৪। অধ্যাপক ও সহযোগী অধ্যাপক পদে আবেদনকারীকে ১,০০০/- (এক হাজার) এবং সহকারী অধ্যাপক, প্রভাষক ও সেকশন অফিসার পদে ৮০০/- (আটশত) টাকা রেজিস্ট্রার, কুমিল্লা বিশ্ববিদ্যালয়, কুমিল্লা বরাবর, জনতা ব্যাংক লিমিটেড, কুমিল্লা বিশ্ববিদ্যালয় শাখা, কোটবাড়ী, কুমিল্লা এর অনুকূলে জনতা ব্যাংক লিমিটেড এর যেকোন শাখা হতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার আবেদনপত্রের সঙ্গে সংযুক্ত করতে হবে। আবেদনপত্রে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নং, টাকার পরিমাণ ও তারিখ উল্লেখ করতে হবে।

০৫। চাকরিরত প্রার্থীদেরকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। আবেদনকারীর আবেদনপত্র সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের রেজিস্ট্রার/প্রতিষ্ঠান প্রধান কর্তৃক কুমিল্লা বিশ্ববিদ্যালয় রেজিস্ট্রার বরাবর অগ্রায়িত হতে হবে অথবা কুমিল্লা বিশ্ববিদ্যালয় কর্তৃক সরবরাহকৃত মূল আবেদনপত্রে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানের স্বাক্ষর ও সিল সমেত Forwarded বা অগ্রায়িত শব্দটি লেখা থাকলে তা যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন বলে বিবেচিত হবে।

০৬। মুক্তিযোদ্ধার সন্তান/মুক্তিযোদ্ধার সন্তানের পুত্র-কন্যা/প্রতিবন্ধী এবং উপজাতি/আদিবাসী প্রার্থীদেরকে সর্বশেষ নীতিমালা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষের সনদপত্রসহ আবেদনপত্র দাখিল করতে হবে। মুক্তিযোদ্ধার সন্তান/মুক্তিযোদ্ধার সন্তানের পুত্র-কন্যাদের ক্ষেত্রে প্রার্থীর পিতা/মাতা/পিতামহ/মাতামহ অনুকূলে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত অনুলিপি আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে ।

০৭। ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে এবং প্রাপ্ত আবেদনপত্র বাছাই ও নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চুড়ান্ত বলে গণ্য হবে।

০৮। প্রত্যেক প্রার্থীকে প্রার্থীত পদের নাম এবং মুক্তিযোদ্ধার সন্তান/মুক্তিযোদ্ধার সন্তানের পুত্র-কন্যা/প্রতিবন্ধী এবং উপজাতি/আদিবাসী প্রার্থীর ক্ষেত্রে প্রযোজ্য অংশটি খামের উপরে স্পষ্ট করে লিখতে হবে ।

০৯। প্রাপ্ত দরখাস্তসমূহ প্রাথমিক বাছাইয়ের পর কেবলমাত্র যোগ্য প্রার্থীদেরকে সাক্ষাৎকারে ডাকা হবে। নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১০। কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ এই নিয়োগ বিজ্ঞপ্তি আংশিক বা সম্পূর্ণ বাতিল/সংশোধন এবং পদের সংখ্যা বাড়ানো/কমানোর ক্ষমতা সংরক্ষণ করেন।

স্বাক্ষরিত/-
(ড. মোঃ আবু তাহের)
রেজিস্ট্রার (চলতি দায়িত্ব)
কুমিল্লা বিশ্ববিদ্যালয়, কুমিল্লা।